মোরেলগঞ্জের মিজান খা যুবলীগ থেকে বহিষ্কার

বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার পুটিখালী ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মিজান খাকে (৪৫) মাদক ব্যবসা ও চাঁদাবাজির অভিযোগে যুবলীগ থেকে বহিষ্কার করা হয়েছে। উপজেলা যুবলীগের আহ্বায়ক মোজাম্মেল হক মোজাম আজ সোমবার মিজান খা’র বহিষ্কারাদেশের নোটিশ গণমাধ্যম কর্মীদের কাছে পৌছে দেন।

উপজেলা যুবলীগের আহ্বায়ক মোজাম ও যুগ্ম আহ্বায়ক অ্যাড. তাজিনুর রহমান পলাশ স্বাক্ষরিত ওই নোটিশে বলা হয়েছে, মাদকের সাথে সংশ্লিষ্টতা, চাঁদাবাজি করাসহ সংগঠন বিরোধী কর্মকান্ডে জড়িত থাকার অপরাধে তাকে ৪মাস পূর্বে দল থেকে বহিস্কার করা হয়েছে।

ভাটখালী গ্রামের হাবিবুর রহমানের ছেলে মিজান খা ২০১৮ সালে যুবলীগের সাধারণ ম্পাদক হওয়ার পর থেকে বাগেরহাট, পিরোজপুর, কচুয়া, শরণখোলা, মঠবাড়িয়া ও জিয়ানগর উপজেলায় ইয়াবা পাইকারি বিক্রয় করে আসছেন বলে কথিত রয়েছে।

মিজান খা গত বৃহস্পতিবার বাগেরহাট জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তাদের হাতে ১০৬ পিচ ইয়াবা ও গাঁজাসহ ২য় দফায় গ্রেফতার হন। তার বিরুদ্ধে বাগেরহাট সদর ও মোরেলগঞ্জ থানায় মাদক, মারপিট ও চাঁদাবাজি অভিযোগে ৬টি মামলা রয়েছে বলে থানা সূত্রে জানা গেছে।